

শিক্ষার্থীদের অবশ্যই পালনীয় কর্তব্য

১. শিক্ষার্থীদের অবশ্যই তাদের নির্ধারিত সময় অনুযায়ী এবং ইউনিফর্ম পরিধান করে কলেজে প্রবেশ করতে হবে। এবং নির্ধারিত সময় অনুযায়ী ক্যাম্পাস ত্যাগ করবে।
২. কলেজে অবস্থানকালে কোন অবস্থাতেই শিক্ষার্থীরা শ্রেণিকক্ষের বাইরে থাকতে পারবে না।
৩. কোন অবস্থাতেই কলেজে মোবাইল ফোন আনা যাবে না।
৪. কলেজ ক্যাম্পাসে রাজনৈতিক কর্মকান্ড পরিচালনা সম্পূর্ণ নিষিদ্ধ।
৫. প্রত্যেক শিক্ষার্থীকে মনে রাখতে হবে এই শিক্ষাজ্ঞান সম্পূর্ণরূপে ধূমপানমুক্ত।
৬. শিক্ষার্থীরা তাদের সকল সমস্যা স্ব-স্ব বিষয়ভিত্তিক শিক্ষকগণকে অবহিত করবে।
৭. প্রত্যেক শিক্ষার্থীকে নির্ধারিত সময়ের মধ্যে তাদের বেতনাদি পরিশোধ করতে হবে।
৮. শুধুমাত্র টিফিন পিরিয়ড ছাড়া কোন অবস্থাতেই বাইরে ঘুরাফেরা করা যাবে না।
৯. ইউনিফর্ম পরিধান করে কলেজ ব্যতীত অন্য কোথাও ঘুরাফেরা বা সময় কাটানো যাবে না।
১০. কোন প্রয়োজনে শিক্ষার্থী কলেজে অনুপস্থিত থাকতে হলে পূর্ব থেকে গাইড শিক্ষককে অনুপস্থিতির কারণ অবহিত করে রাখতে হবে এবং পরের কর্মদিবসেই গাইড শিক্ষকের সুপারিশ নিয়ে দরখাস্ত দিতে হবে।
১১. শিক্ষার্থীদের অবশ্য বিনয়ী, দেশপ্রেমী ও সময়ানুবর্তী হতে হবে। তাদের প্রত্যেককেই শিক্ষক, মাতাপিতা ও বড়দেরকে সম্মান ও ছোটদের স্নেহ করতে হবে।
১২. ছেলেদের মাথার চুল অবশ্যই ছোট রাখতে হবে তবে ফ্যাশনেবল হওয়া চলবে না। কোন প্রকার গুপিং করা চলবে না। উগ্র সেন্ট / বডিস্প্রে ব্যবহার করা চলবে না। মেয়েদের ভারী গহনা পরিধান করা চলবে না, চুল সিম্পল বন্ডিং (বেগি করা) করা থাকবে কিন্তু চুলে কোন রঙ ব্যবহার করা যাবে না। হাতের নখ বড় করা যাবে না এবং নেইল পলিশ ব্যবহার করা যাবে না।
১৩. কলেজ ক্যাম্পাস পরিচ্ছন্ন রাখার স্বার্থে নির্ধারিত স্থানে ময়লা ফেলবে।
১৪. জরুরী প্রয়োজন ছাড়া অধ্যক্ষ-এর সাথে দেখা করা যাবে না, এ ব্যাপারে গাইড শিক্ষক এর সহায়তা নিতে হবে।